



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৯৮

## ইমামরা জানলেন তথ্য অধিকার আইন

রাজশাহী, ২৯ মাঘ ( ১২ ফেব্রুয়ারি):

ইমামদের তথ্য অধিকার আইনের বিধি-বিধান জানালো রাজশাহী পিআইডি। আজ (১২ ফেব্রুয়ারি) সকালে এ উপলক্ষ্যে রাজশাহী ইমাম প্রশিক্ষণ একাডেমিতে এক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। শতাধিক ইমাম এবং ইমাম প্রশিক্ষণ একাডেমির কর্মকর্তা-কর্মচারীরা অবহিতকরণ সভায় অংশগ্রহণ করেন।

রাজশাহী পিআইডির উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান অনুষ্ঠানে তথ্য অধিকার আইন ও বিধি-বিধানের উপর পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। পরে আইনটির বিষয়ে ইমামদের বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়া হয়।

অবহিতকরণ সভায় অন্যান্যদের মধ্যে ইমাম প্রশিক্ষণ একাডেমির উপপরিচালক ডা. মো. আসেম আলী, রাজশাহী পিআইডি সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহ্ প্রমুখ বক্তৃতা করেন।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১২.১৫ঘ.